



## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

### ১। মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
<b>সহকারি কাম কম্পি: মুদ্রা:</b> টাঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫)	০১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

### ২। বিজ্ঞান কারখানা

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
<b>ইলেকট্রিক মেকানিক</b> টাঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ২য় বিভাগ/শ্রেণিতে এস.এস.সি (ভোকেশনাল) ইলেকট্রিক ট্রেড পাস হতে হবে অথবা এস.এস.সি পাসসহ বাংলাদেশ কারিগরী শিক্ষাবোর্ডের অধীনস্থ কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২ বছর মেয়াদী ইলেকট্রিক ট্রেড কোর্স পাস হতে হবে। ইলেকট্রিক মটর উইভিং কাজে পারদর্শী প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। আবেদনপত্রে কোন তথ্য গোপন বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী ২০-০১-২০১৯ খ্রীস্টাব্দ/০৭-১০-১৪২৫ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-২-এর আবেদনপত্র বিজ্ঞান অনুষদের ডিন-এর অফিসে পৌঁছাতে হবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।

১